

১৪০ সহযোগী অধ্যাপক পদোন্নতি পেয়ে অধ্যাপক হলেন

জনকণ্ঠ রিপোর্ট

বিভিন্ন সরকারী কলেজের ১৪০ জন সহযোগী অধ্যাপক পদোন্নতি পেয়ে অধ্যাপক হলেন। প্রধানমন্ত্রী এসব অধ্যাপকের পদোন্নতি সংক্রান্ত একটি সারসংক্ষেপ গত সপ্তাহে অনুমোদন করেছেন। খবর সংশ্লিষ্ট সংক্রে।

সূত্র: জানায়, গত বছরের মাঝামাঝি সময় থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মাধ্যমে বিভিন্ন সরকারী কলেজের শিক্ষকদের বার্ষিক প্রতিবেদন ও জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির তালিকা তৈরি করা হয়। শিক্ষকদের এই তালিকায় পরীক্ষা-নিরীক্ষা শেষে গত জানুয়ারিতে শিক্ষা সচিব ও বিভাগীয় পদোন্নতি কমিটির (বিপিসি) চেয়ারম্যান আবদুল্লাহ হারুন পাশার সভাপতিত্বে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে ১৪০ জন সহযোগী অধ্যাপককে অধ্যাপক হিসাবে পদোন্নতির দেয়ার জন্য চূড়ান্ত করা হয়। প্রধানমন্ত্রীকে অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে গত মার্চে এ সংক্রান্ত একটি সারসংক্ষেপ পাঠানো হয়। গত সপ্তাহে পদোন্নতি সংক্রান্ত এই সারসংক্ষেপটি প্রধানমন্ত্রী অনুমোদন করেছেন বলে জানা যায়।